

## সাম্প্রতিক কর্মকাল

- ০১। জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রকল্পের এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শেষ হয়েছে এবং চুড়ান্ত রিপোর্ট প্রকাশ কর্যক্রম চলমান।
- ০২। জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ট্যাবলেটসমূহের মধ্যে বিবিএস কতৃক ভবিষ্যতে বিভিন্ন শুমারি ও জরিপ কর্যক্রমে ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক ট্যাবলেট সংরক্ষনপূর্বক অতিরিক্ত ট্যাবলেটসমূহ দেশের মাধ্যমিক বিদ্যালয় এবং মাধ্যমিক সমমানের মান্দাসার ৯ম ও ১০ম শ্রেণিতে অধ্যায়নরত মেধাক্রম অনুযায়ী ১ম, ২য়, ৩য় স্থান অধিকারকারী এবং এমপিওভুক্ত টেকনিক্যাল/ভোকেশনাল প্রতিষ্ঠানের ১০ম শ্রেণিতে অধ্যায়নরত ১ম, ২য়, ৩য় স্থান অধিকারকারী মেধাবি শিক্ষার্থীদের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসাবে বিতরন করা হয়েছে। অত্র উপজেলায় ৫৪ টি প্রতিষ্ঠানের ০২ (দুই) খাপে সর্বমোট ৩১৮ (তিনশত আঠারো) টি ট্যাবলেট বিতরন করা হয়েছে।
- ০৩। বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱৰো কতৃক বাস্তবায়িত স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম শীৰ্ষক প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ২০১২ টি নমুনা পিএসইট- তে স্থানীয় মহিলা রেজিস্ট্রারগন প্রতিমাসে কম্পিউটার অ্যাসিস্টেড পার্সোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে থাকেন। ২০২১ সাল পর্যন্ত দ্বৈত পদ্ধতিতে তথ্য সংগ্রহ ব্যবস্থা চালু থাকলেও চলতি ২০২২ সাল হতে একক রেজিস্ট্রন পদ্ধতিতে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করা হয়েছে। এমতাবস্থায়, তথ্যের গুণগত মান বজায় রাখার স্বার্থে উপজেলা/থানা সুপারভাইজার কতৃক নিয়মিতভাবে মাঠ পর্যায়ে নির্ধারন করে দেয়া পিএসইউসমূহের মাসিক পরিদর্শন কায়ক্রম চলমান রয়েছে।
- ০৪। বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱৰো কর্তৃক পরিচালিত ‘শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন’ শীৰ্ষক প্রকল্পের আওতায় কম্পিউটার অ্যাসিস্টেড পার্সোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে Labour Fource Survey ৩য় কোয়ার্টারের তথ্য সংগ্রহ কার্যক্রম গত ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখে শেষ হয়েছে।
- ০৫। মাসিক কৃষি মজুরীসহ ৬টি প্রধান ফসল এবং প্রায় ১৫০টি অপ্রধান ফসলের রিপোর্ট কৃষি ক্যালেন্ডার অনুযায়ী প্রস্তুতপূর্বক যথাসময়ে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়।